# ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ পবিত্রতা

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

(১৪৮) ওযু শেষে প্রথমে ডান পা ধৌত করে মোজা পরিধান করা তারপর বাম পা ধৌত করে মোজা পরিধান করার বিধান কি? এভাবে মোজা পরলে কি তার উপর মাসেহ করা যাবে?

মাসআলাটি বিদ্বানদের মাঝে মতবিরোধপূর্ণ। একদল বিদ্বান বলেন, পবিত্রতা পূর্ণরূপে সম্পন্ন করার পর মোজা পরিধান করবে। অন্যদল বলেন, যদি প্রথমে ডান পা ধৌত করে তাতে মোজা পরিধান করে, তারপর বাম পা ধৌত করে তাতে মোজা পরিধান করে, তবে তা জায়েয। কেননা ডান পা পবিত্র করার পরই তো তা মোজাতে প্রবেশ করিয়েছে। অনুরূপভাবে বাম পা। অতএব সে তো পূর্ণ পবিত্রতা অর্জন করেই মোজা দু'টি পরিধান করেছে। কিন্তু একটি হাদীছ পাওয়া যায় দারাকুতনী ও হাকেম উহা বর্ণনা করেন। হাকেম তা ছহীহ্ বলেন। নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন, “যখন কেউ ওযু সম্পাদন করে এবং মোজা পরিধান করে।” এ হাদীছ দ্বারা বুঝা যায়, যে লোক এখনও বাম পা ধৌত করেনি সে তো পূর্ণরূপে ওযু সম্পাদন করেনি। তাই প্রথম মতটিই অধিক উত্তম ও বিশুদ্ধ হিসেবে গণ্য হবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=679

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন